স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি
দ্বিতীয় খন্ড
অযাচক আশ্রম, বাংলাদেশ
রহিমপুর, মুরাদনগর, কুমিল্লা

স্বরূপানন্দ-সঙ্গীত স্বরলিপি

বা

অখণ্ডমণ্ডলেশ্বর

শ্রীশ্রীস্বামী স্বরূপানন্দ পরমহংসদেব

রচিত সঙ্গীত এর স্বরলিপি

(দ্বিতীয় খণ্ড)

৬ই বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ

২০শে এপ্রিল, ২০১৩ খৃষ্টাব্দ

-নায়মাত্মা বলহীনেন লভ্যঃ-

-ভিক্ষায়াং নৈব নৈব চ-

অযাচক আশ্রম-বাংলাদেশ

কেন্দ্রীয় কার্যালয়

রহিমপুর, ডাক :- মুরাদনগর, জেলা :- কুমিল্লা-৩৫৪০

[মাশুলাদি স্বতন্ত্র]

ধর্মার্থ শুল্ক : ৮০ (আশি) টাকা

মুদ্রণ সংখ্যা : ১,০০০ (এক হাজার)
প্রকাশক : ডাঃ শ্রী যুগল ব্রহ্মচারী
(অযাচক আশ্রম-বাংলাদেশ ট্রাষ্ট এর পক্ষে)
অধ্যক্ষ, অযাচক আশ্রম-বাংলাদেশ, কেন্দ্রীয় কার্য্যালয়, রহিমপুর, মুরাদনগর, কুমিল্লা-৩৫৪০, বাংলাদেশ।
প্রথম সংস্করণ : বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ
কম্পিউটার কম্পোজ : ডাঃ শ্রী যুগল ব্রহ্মচারী
কম্পিউটার ডিজাইন : উজ্জ্বল বড়ুয়া
মুদ্রণে : সার্ভার ষ্টেশন, আন্দরকিল্লা, চট্টগ্রাম।

পুস্তক সমূহের প্রাপ্তিস্থান

অযাচক আশ্রম-বাংলাদেশ
কেন্দ্রীয় কার্যালয়
রহিমপুর, ডাক ঃ- মুরাদনগর, জেলা ঃ- কুমিল্লা-৩৫৪০
ফোন ঃ০৮০২৬-৫৬১৮০, ০১৭৫৮-৪০৯৬৯৬, ০১৮১৯-৮০০৫১১

অযাচক আশ্রম-বাংলাদেশ
পুণ্য জন্মস্থান কার্যালয়
পুরাণ আদালত পাড়া,
জেলা ঃ চাঁদপুর, পোষ্ট কোড ঃ ৩৬০০
ফোন ঃ ০৮৪১-৬৫৮০৬, ০১৭১৬-৯৪৩৫৬২, ০১৮৩১-৭২৬৩৩৫

ডাকযোগে পুস্তক নিতে হলে অগ্রিম ডাক-মাশুলসহ ধর্ম্মার্থ শুল্ক অযাচক আশ্রম-বাংলাদেশ, কেন্দ্রীয় কার্যালয়ের ঠিকানায় যোগাযোগ করুন।

সার্বিক সহযোগিতায় ঃ বাংলাদেশ অখণ্ড সংগঠন।

প্রকাশকের নিবেদন

ভাবের গভীরতা, ভাষার দ্যোতনা, অনুপম সুর প্রয়োগের উপযোগী শব্দ-বিন্যাসের কারণে স্বরূপানন্দ-সঙ্গীত অত্যন্ত জনপ্রিয়। ব্যাপকভাবে জনপ্রিয় স্বরূপানন্দ-সঙ্গীতের সুর-শৃঙ্খলা স্বরূপানন্দ-সঙ্গীতের বিপুল সম্ভারের সঠিক মান-সংরক্ষণে সহায়ক হবে- এ অভিমত বিশিষ্ট সঙ্গীতানুরাগীগণের। সেই দিকে লক্ষ্য রেখে অযাচক আশ্রম-বাংলাদেশ **'স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি'** প্রণয়নের যে উদ্যোগ গ্রহণ করেছে- তার ফলশ্রুতিতে **'স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি- প্রথম খণ্ড'** প্রকাশিত হয়েছিল আজ হতে দশ বৎসর পূর্বে। এর মধ্যে নানা চড়াই-উৎরাই অতিক্রম করে অখণ্ড সমাজ এগিয়ে চলেছে শ্রীগুরু-কৃপায়। নূতন নূতন স্বরূপানন্দ সঙ্গীতের স্বরলিপি প্রণয়নের তাগিদ আমরা অব্যাহতভাবে সঙ্গীতানুরাগীগণের কাছ হতে পেয়েছি। কিন্তু গানের স্বরলিপি প্রণয়ন একটি অত্যন্ত সূক্ষ্ম ও কষ্টসাধ্য কাজ। বাংলাদেশের বিশিষ্ট উচ্চাঙ্গ যন্ত্রসঙ্গীত শিল্পী (সেতার) ও সঙ্গীত-গবেষক অখণ্ড-ভ্রাতা শ্রী সন্তোষ চন্দ্র রায় মহোদয় স্বরলিপি প্রণয়নের দায়িত্ব গ্রহণ করায় আমাদের পক্ষে **'স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি- দ্বিতীয়-খণ্ড'** প্রকাশের এই উদ্যোগ গ্রহণ করা সম্ভব হল- তাঁকে আমাদের অশেষ কৃতজ্ঞতা জানাই। এ গ্রন্থের সঙ্গীত চয়ন এবং স্বরলিপি প্রণয়নে মূল্যবান অভিমত প্রদান করেছেন জননন্দিত স্বরূপানন্দ সঙ্গীত সুরকার ও শিল্পী শ্রী জীবেন্দ্র নাথ সরকার মহোদয়-তাঁকে আমাদের বিনম্র শ্রদ্ধা জানাই।

সঙ্গীতানুরাগীগণের চাহিদার প্রতি সম্মান জানিয়ে **'স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি-দ্বিতীয়-খণ্ড'** প্রকাশ করতে পেরে আমরা ধন্য।

সর্বোপরি যাঁর অহেতুকী করুণা আমাদের কর্ম-সাফল্যের কারণ সেই পরম-কৃপাল গুরুদেব অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীমৎ স্বামী স্বরূপানন্দ পরমহংসদেবের (শ্রীশ্রীবাবামণি) শ্রীচরণে আমাদের আভূমি প্রণত প্রণাম জানাই। ১৩৩৮ বঙ্গাব্দে ৬ই বৈশাখ ষ্ট্যাণ্ডার্ড সুরে হরিওঁ কীর্ত্তন শ্রীশ্রীবাবামণির সুমধুর কণ্ঠে সম্বৎসর ব্যাপী মৌনভঙ্গশেষে প্রথম উচ্চারিত হয়।

১৪২০ বঙ্গাব্দের আজকের এই পুণ্য দিনে এই গ্রন্থ প্রকাশ করে পরমপ্রভুর নিকট প্রার্থনা জানাই- শ্রীশ্রীস্বরূপানন্দ আদর্শ প্রচারে ও প্রসারে আমাদের এই প্রকাশনা যেন গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হয়।

এই স্বরলিপি-গ্রন্থ সঙ্গীতানুরাগীগণের সন্তুষ্টি বিধান করবে এই বিনম্র প্রত্যাশা। শ্রীগুরু করুণাময়। ইতি- ৬ই বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ।

৬ই বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ
(ষ্ট্যাণ্ডার্ড সুরে হরিওঁ কীর্ত্তন সৃষ্টি দিবস)
অযাচক আশ্রম-বাংলাদেশ, কেন্দ্রীয় কার্যালয়
রহিমপুর, ডাক ঃ- মুরাদনগর, জেলা ঃ- কুমিল্লা-৩৫৪০

নিবেদক
ডাঃ যুগল ব্রহ্মচারী

স্বরূপানন্দ-সঙ্গীত স্বরলিপি দ্বিতীয় খণ্ড

স্বরলিপিকারের নিবেদন

সঙ্গীত হচ্ছে ভাব প্রকাশের একটি শক্তিশালী বাহন। গদ্যে, পদ্যে, ভাষণে বা চিঠি-পত্রের মাধ্যমে কোন চিন্তা চেতনা যতই সাবলীল ও স্পষ্টভাবে ব্যক্ত করা হোক না কেন, সঙ্গীতের মাধ্যমে তার প্রভাব জনচিত্তে সবচেয়ে সার্থক ও গভীর ভাবে ফেলা যায়। তাই যুগে যুগে মনীষীগণ সঙ্গীতের মাধ্যমে তাঁদের ভাবাদর্শ প্রকাশ করে গেছেন। এই আলোকে জনমানষে বাংলা গানের প্রভাব সম্পর্কে আলোচনা করতে গেলেই পঞ্চ কবির গান তথা রবীন্দ্র সঙ্গীত, নজরুল গীতি, অতুল প্রসাদি গান, দ্বিজেন্দ্র গীতি, রজনীকান্তের গান, এবং ভাটিয়ালী, পল্লী-গীতি, দেশাত্ববোধক, বাউল, দেহতত্ব, মারফতী, মুর্শিদী, লালন গীতি, হাছন রাজার গান ইত্যাদি সঙ্গীতের প্রসঙ্গ এসে পড়ে। বাংলা সঙ্গীতের ভান্ডারকে সমৃদ্ধ করতে এগুলির অবদান নিঃসন্দেহে অপরিসীম।

ইহা অনস্বীকার্য্য যে সৎসঙ্গীত শ্রবণে মানুষের মনে সদ্‌চিন্তা প্রসূত প্রশান্ত ভাব আসে। আর অসৎ-সঙ্গীত শ্রবণে মানুষ অসদচিন্তা প্রসূত গরলের অতল তলে তলিয়ে যায়।

আর এই সত্য উপলব্ধি করেই বঙ্গমাতার সুযোগ্য সন্তান এক মহামনীষী চরিত্র গঠন আন্দোলনের স্রষ্টা, স্বাবলম্বনের মূর্ত্ত প্রতীক, অভিক্ষা মন্ত্রের উদ্‌গাতা, আচন্ডাল-ব্রাহ্মণ নির্বিশেষে ওঙ্কার ও ব্রহ্মগায়ত্রী মন্ত্রের অধিকার প্রদাতা, যুগস্রষ্টা ঋষি অখন্ডমন্ডলেশ্বর শ্রীশ্রীমৎ স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব [শ্রীশ্রীবাবামণি], জাতিকে নৈতিক অবক্ষয় থেকে রক্ষা করার জন্য আজীবন যে মানব কল্যাণমুখী বিপুল কর্মযজ্ঞ পরিচালনা করেছেন, তার সহায়ক শক্তি হিসেবে, তাঁর বিশাল সাহিত্য ভান্ডারের মধ্যে কয়েক সহস্র সৎ সঙ্গীত রচনা করেছেন যার উদ্দেশ্য ছিল ললিত কলা চর্চার মাধ্যমে মানুষকে শ্রবণ-সুখকর আনন্দ দানের সাথে সাথে প্রত্যেকটি মানুষকে নিজ জীবনে জগত কল্যাণ, চরিত্রগঠন, অভিক্ষা, স্বাবলম্বনের আদর্শ প্রতিফলনপূর্বক আত্মগঠনের মাধ্যমে বহুদেববাদ পরিহার ও এক ঈশ্বরের (ওঙ্কার মন্ত্রের) সাধনায় উদ্বুদ্ধ করে, দেবমানবে উন্নীত করা। তাঁর রচিত সঙ্গীতের মধ্যে মাত্র ১১০০ টির কিছু বেশী সঙ্গীত মন্দির, মূর্চ্ছনা, মঙ্গল মুরলী, মধুমল্লার নামক সঙ্গীত গ্রন্থে প্রকাশিত হয়েছে এবং মন্দার মালা নামক সঙ্গীত গ্রন্থটি প্রকাশের অপেক্ষায় আছে। উল্লেখ্য তাঁর রচিত সঙ্গীত "স্বরূপানন্দ সঙ্গীত" হিসেবে বহুল পরিচিতি লাভ করেছে। দুঃখের বিষয় শ্রীশ্রীস্বরূপানন্দ শ্রীদেহে থাকাকালীন শত কাজের মাঝে এত ব্যস্ত সময় কাটিয়েছেন যে, তাঁর শ্রীহস্ত লিখিত সংগীতসমূহের মধ্যে মাত্র স্বল্প-সংখ্যক সঙ্গীত ব্যতীত অধিকাংশ গানেরই সুর ও স্বরলিপি করে যাওয়া তাঁর পক্ষে সম্ভব হয়নি। রবীন্দ্রনাথ বেঁচে থাকতে তাঁর গানের ভাণ্ডারী হিসেবে দীনেন্দ্রনাথ ঠাকুর, ইন্দিরা দেবী চৌধুরানী, শৈলজা রঞ্জন মজুমদার, শান্তিদেব ঘোষ, নীলিমা সেন, কনক দাস, সুচিত্রা মিত্র, কনিকা বন্দ্যোপাধ্যায়, সাহানা দেবী, পঙ্কজ মল্লিক, অনাদি ঘোষ দস্তিদারের মত একদল নিষ্ঠাবান স্বরলিপিকার ও শিল্পীকে তাঁর পাশে পেয়েছিলেন। তাই সদ্য রচিত গান তিনি সুরারোপ করার পর অতি দ্রুত স্বরলিপিবন্দী হয়ে যোগ্য কণ্ঠে গীত হওয়ায় গানগুলি অতি সহজে সর্বসাধারণের মাঝে ছড়িয়ে পড়তে পেরেছে। অপরপক্ষে নজরুলের বেলায়ও কে. মল্লিক, কে. এম. সায়গল, আব্বাসউদ্দিন, গিরিন চক্রবর্তী, কমলা ঝরিয়া, আঙ্গুরবালা, ইন্দুবালা, ধীরেন্দ্র চন্দ্র মিত্র, কমল দাশগুপ্ত, ফিরোজা বেগম, সুবল দাশগুপ্ত, জগত ঘটক, রাইচাঁদ বড়াল, জ্ঞান গোস্বামী, মানবেন্দ্র মুখোপাধ্যায় প্রমুখ শিল্পীগণ তাঁর গান প্রচারে ও প্রসারে প্রচুর অবদান রেখেছিলেন।

শ্রীশ্রীবাবামণি তাঁর অনুজ সঙ্গীত বিশারদ স্বর্গীয় সুখময় গঙ্গোপাধ্যায় (পরমশ্রদ্ধাভাজন কাকামণি) কে সহচর রূপে পেলেও তার অভিজ্ঞতা সম্পূর্ণ ভাবে কাজে লাগানো হয়নি। যদি তাঁর নেতৃত্বে একটি "মিউজিক বোর্ড" গঠন করা হতো তাহলে অন্ততঃ সহস্রাধিক স্বরূপানন্দ সঙ্গীতের সুর ও স্বরলিপি আমরা অনায়াসে পেয়ে যেতাম। সেই সৌভাগ্য না হওয়ায়, দেশ-বিদেশের বিভিন্ন শিল্পী স্বরূপানন্দ সঙ্গীতের প্রচার ও প্রসার কল্পে নিজেদের গাওয়ার প্রয়োজনে একই "স্বরূপানন্দ সঙ্গীত" বিভিন্ন সুরে, তালে ও লয়ে গেয়েছেন বা গাচ্ছেন যার ফলে একই স্বরূপানন্দ সঙ্গীতের সুরের একরূপতা (Uniformity) রক্ষা হচ্ছে না।

বাংলাদেশ এক্ষেত্রে ভাগ্যবান এজন্য যে, অখণ্ডাদর্শে নিষ্ঠাবান ও শ্রীশ্রীবাবামণির রচিত সাহিত্য সম্পর্কে গভীর ধারণা আছে এমন কয়েকজন সঙ্গীতজ্ঞ স্বরূপানন্দ-সন্তান/আদর্শানুরাগী এ যাবৎ অনেকগুলি স্বরূপানন্দ সঙ্গীতের সুর করেছেন, যা বাংলাদেশ ও ভারতের বিভিন্ন অখণ্ডানুষ্ঠান সহ বিভিন্ন অনুষ্ঠানে সুদীর্ঘকাল ধরে সার্থকভাবে গীত হয়ে স্বরূপানন্দ সঙ্গীত পিপাসুদেরকে মানসিক ও আত্মিক প্রশান্তি প্রদানে সক্ষম হয়েছে।

এমতাবস্থায় বিভিন্ন স্বরূপানন্দ সঙ্গীতের একরূপতা (Uniformity) রক্ষার্থে ১৪১০ বঙ্গাব্দে অযাচক আশ্রম-বাংলাদেশ কর্তৃক প্রকাশিত শ্রী পরেশ চন্দ্র কুরী মহোদয়ের স্বরলিপিকৃত ৪১টি গানের **"স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি–প্রথম খণ্ড"** প্রকাশের পর, স্বরূপানন্দ সঙ্গীত পিপাসুদের নিকট ব্যাপক সাড়া ও সমাদর লাভ করায় **"স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি–দ্বিতীয় খণ্ড"** এর জন্য স্বরলিপি প্রণয়নের ব্যাপারে অযাচক আশ্রম-বাংলাদেশ, কেন্দ্রীয় কার্যালয়ের সম্মানিত আশ্রমাধ্যক্ষ ডাঃ শ্রীমৎ যুগল ব্রহ্মচারীজি ও বাংলাদেশের বিভিন্ন সঙ্গীতানুরাগী ভ্রাতা আমাকে নিরন্তর তাগিদ ও উৎসাহ প্রদান করেছেন।

আমার পিতৃকুল ও মাতৃকুল উভয় দিকে সঙ্গীতের (বিশেষ করে স্বরূপানন্দ সঙ্গীতের) চর্চা থাকায় এবং দীর্ঘদিন যাবৎ স্বরূপানন্দ সঙ্গীতের উপর বিভিন্ন আঙ্গিকে কাজ করার সুযোগ পাওয়ায় এ সঙ্গীত ভাণ্ডারের বিশালতা ও বৈচিত্র্য দেখে বিমোহিত হয়েছি। এছাড়া বাংলাদেশের স্বরূপানন্দ সংগীতের দুই প্রখ্যাত দিকপাল, মহান সুরকার ও শিল্পী শ্রী পরেশ চন্দ্র কুরী এবং শ্রী জীবেন্দ্রনাথ সরকার মহোদয়গণের স্নেহ-সান্নিধ্য দীর্ঘকাল যাবৎ পাওয়ার সৌভাগ্য আমার হয়েছে। ফলে স্বরলিপি প্রস্তুত করণে উদ্বুদ্ধ হয়েছি। কিন্তু কাজটি ব্যাপক বিধায় আমার কর্মব্যস্ততা ও নানাবিধ কারণে এতদিন তা সম্পন্ন করতে কিছুটা সময়ের প্রয়োজন হয়েছে।

অবশেষে শ্রীশ্রীবাবামণির অপার কৃপায় **"স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি – দ্বিতীয় খণ্ড"** এর জন্য নির্বাচিত গানের স্বরলিপি প্রস্তুত ও তা স্বরূপানন্দ সঙ্গীতানুরাগী ও শিক্ষার্থীগণের নিকট অর্পণ করতে পেরে নিজেকে ধন্য ও গৌরবান্বিত বোধ করছি। স্বরলিপি প্রস্তুতে সহায়তা ও প্রুফ দেখা সহ অন্যান্য কষ্টসাধ্য কাজে বিশিষ্ট সুরকার ও সঙ্গীত শিল্পী শ্রী জীবেন্দ্রনাথ সরকার এবং পাণ্ডুলিপি প্রস্তুত কালে আমার অফিস সহকর্মী শ্রী তাপস কুমার সরকার মহোদয়গণ যে কঠোর পরিশ্রম করেছেন তার জন্য তাঁদের প্রতি কৃতজ্ঞতা জানাই।

স্বরলিপি সঙ্গীতের একটি কাঠামো বিশেষ। তার মধ্যে প্রাণ প্রতিষ্ঠার কাজটি শিল্পীকেই করতে হয়। স্বরলিপি হতে গানের মূল সুর (Frame) তুলে নিয়ে অবিরত চর্চার মাধ্যমে গানের ভাব (Theme), গায়কী (Style), স্বর প্রক্ষেপণ (Voice Throwing) এবং স্বর নিয়ন্ত্রণ (Voice Controlling) প্রভৃতিতে দক্ষতা বাড়াতে পারলেই গানের প্রাণ প্রতিষ্ঠার কাজটি সহজ হয়ে যায় এবং শ্রোতারাও শ্রবণ করে তৃপ্তি ও প্রশান্তি লাভ করে।

এই পুস্তকের স্বরলিপি সংক্রান্ত যে কোন যৌক্তিক পরামর্শ সাদরে গৃহীত হবে এবং প্রয়োজনে পরবর্তী সংস্করণে সংশোধন/সংযোজন করা হবে। অনেক চেষ্টা সত্ত্বেও হয়ত মুদ্রণ প্রমাদ থেকে যাবে। এ জন্য পূর্বাহ্নেই দুঃখ প্রকাশ করছি। পরিশেষে স্বরলিপিকৃত গানগুলি যোগ্য কণ্ঠে গীত হয়ে শ্রোতৃহৃদয় ভাবাবেশে পূর্ণ করলে এবং স্বরূপানন্দ সঙ্গীত প্রচার ও প্রসারে অবদান রাখতে পারলে আমাদের শ্রম সার্থক হবে বলে মনে করি।

৬ই বৈশাখ ১৪২০ বঙ্গাব্দ
(ষ্ট্যান্ডার্ড সুরে হরিওঁ কীর্ত্তন সৃষ্টি দিবস)
অযাচক আশ্রম-বাংলাদেশ,
কেন্দ্রীয় কার্যালয়
রহিমপুর, ডাক ঃ- মুরাদনগর, জেলা ঃ- কুমিল্লা-৩৫৪০

নিবেদক
শ্রী সন্তোষ চন্দ্র রায়
উচ্চাঙ্গ যন্ত্র সংগীত শিল্পী (সেতার)
বাংলাদেশ বেতার ও টেলিভিশন।

আমি ভাল মানুষ হব এবং অপরকে ভাল মানুষ হতে সাহায্য করব-
এই হোক আমার জীবনের অঙ্গীকার।

-শ্রীশ্রীস্বরূপানন্দ

অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীস্বরূপানন্দ-অনুজ,

অনেক স্বরূপানন্দ সঙ্গীতের সুরকার ও স্বরলিপিকার যিনি আমৃত্যু নিভৃতে স্বরূপানন্দ সঙ্গীতের প্রচারে বলিষ্ঠ ভূমিকা রেখে গেছেন সেই

মহৎপ্রাণ এবং সঙ্গীত বিশারদ
স্বর্গীয় সুখময় গঙ্গোপাধ্যায়ের

সুমহান স্মৃতির স্মরণে

শ্রী সন্তোষ চন্দ্র রায়
স্বরলিপিকার

গান স্বর্গীয় বস্তু

গান এক স্বর্গীয় বস্তু। এর ব্যবহারও স্বর্গীয় হওয়া উচিত। গানের শিক্ষাদানও স্বর্গীয় হওয়া উচিত। একটা জাতির উত্থান-পতনের অনেকটা তার সঙ্গীতের মহত্ত্ব ও লঘুত্বের উপরে নির্ভর করে -শ্রীশ্রীস্বরূপানন্দ।

(অখণ্ড সংহিতা চতুর্বিংশ খণ্ড)

আকার-মাত্রিক স্বরলিপি অনুসরণ-পদ্ধতি

সপ্তক ঃ **স ঋ র জ্ঞ গ ম হ্ম প দ ধ ণ ন।**

(ক) উদারা সপ্তক ঃ স্বরের নীচে হসন্ত, যথা- ন্, ণ্, ধ্, দ্, প্ হ্ম্, ম্, ইত্যাদি।

(খ) মুদারা সপ্তক ঃ স্বরের উপরে বা নীচে কোন চিহ্ন থাকে না, **যথা- স ঋ র জ্ঞ গ ম হ্ম প দ ধ ণ ন ইত্যাদি।**

(গ) তারা বা তার সপ্তক ঃ সুরের মাথায় রেফ থাকে, **যথা- র্স, র্ঋ, র্র, র্জ্ঞ, র্গ, র্ম, র্হ্ম, র্প ইত্যাদি।**

(ঘ) **শুদ্ধ স্বর- স, র, গ, ম, প, ধ, ন, (উচ্চারণ-সা, রে, গা, মা, পা, ধা, নি)**

কোমল স্বর- ঋ (কোমল রে), জ্ঞ (কোমল গা), হ্ম (কড়ি মা) দ (কোমল ধা), ণ (কোমল নি)

মাত্রা ঃ স্বরের ডান পার্শ্বে 'া' আকার থাকলে সেই স্বরটি এক মাত্রা বোঝায়: যেমন- সা, রা, গা প্রভৃতি। এখানে সা, রা, গা প্রত্যেকটি একটি মাত্রা। দুই স্বর একত্রে বসিয়ে শেষে আকার দিলে সেই দুই স্বর মিলে এক মাত্রা বুঝাবে। যেমন- সরা, গমা, পধা। এইরূপ তিনটি স্বর বা চার স্বরের শেষে আকার দিলে যেমন- সরগা এবং সরগমা এই উভয় ক্ষেত্রে একটি করে মাত্রা বোঝাবে। কোন একটি স্বরকে দুই মাত্রা বা ততোধিক মাত্রা বোঝাতে হলে স্বরের সঙ্গে আকার ও পরে মাত্রা সংখ্যা অনুযায়ী আকার বসাতে হবে। যেমন সা= ১ মাত্রা, সা । = ২ মাত্রা, সা । ।= ৩ মাত্রা ইত্যাদি। কোন স্বরের আগে ও পরে 'ঃ' থাকলে তাকে অর্ধমাত্রা বুঝতে হবে। যথা- সঃ, রঃ, গঃ, ঃম, ঃপ, ইত্যাদি। কোন স্বরের শেষে একটি আকার ও পরে 'ঃ' দিলে সেই স্বরটিকে দেড়মাত্রা বুঝতে হবে। সাঃ, রাঃ প্রত্যেকটি $১\frac{১}{২}$ (দেড়) মাত্রা।

স্পর্শ স্বর ঃ মুখ্য স্বরের মাথায় বাম বা ডান পার্শ্বে ছোট অক্ষরে স্পর্শ স্বর লেখা হয় ; যথা ^{র}সা, র$^{গা}$, ম$^{পা}$, ^{ধ}ণা ইত্যাদি।

তালের বিভাগ ঃ তালের আরম্ভে I এইরূপ চিহ্ন এবং তালের প্রত্যেক বিভাগের পর একটি সাধারণ দাঁড়ি '।' ও তালটি সম্পূর্ণ হলে একটি

I এইরূপ চিহ্ন বসে।

স্বরলিপি বা তালের শুরুতে, আস্থায়ীর (স্থায়ী) শেষে অন্তরার শুরুতে ও শেষে এবং সঞ্চারীর প্রথমে II এইরূপ চিহ্ন বসে। স্বরলিপি শেষে II II এইরূপ চিহ্ন বসে। আস্থায়ী ও অন্তরার শেষে আবার আস্থায়ীর মুখে ফিরে যেখানে স্বরের মাথায় ছোট।। দু'টি দাঁড়ি থাকে সে পর্যন্ত গিয়ে তারপর পরের অন্তরা বা সঞ্চারীতে যেতে হয়।

মীড়ের চিহ্ন ঃ স্বরের নীচে এই "‿" বা মাথায় "⁀" চিহ্ন থাকলে সেখানে মীড়ের কাজ বোঝাবে।

স্বর পুনরাবৃত্তি ঃ '{ }২য় বন্ধনীর মধ্যস্থিত স্বর বা স্বরগুলো পুনরাবৃত্তি করতে হয় যথা- {সা রা গা মা} ; এখানে সা, রা, গা, মা এই ৪টি স্বর পুনরাবৃত্তি করতে হবে। আবার ২য় বন্ধনীর মধ্যে কোন অংশ ১ম বন্ধনীর মধ্যে থাকলে সেই অংশ পুনরাবৃত্তিকালে বাদ দিয়ে গাইতে হবে। যেমন {সা রা (গা মা)}; এখানে গা ও মা পুনরাবৃত্তিকালে বাদ যাবে। আবার এই সময় যদি বাদ দেওয়া স্বরের বদলে দ্বিতীয়বার অন্য কোন স্বর লাগাতে হয়, তাহলে সেই স্বরগুলো ১ম বন্ধনীর মাথায় '[ ]' এইরূপ তৃতীয় বন্ধনী দিয়ে [ন্া সা] লিখতে হবে। যথা- { সা রা ([ন্া সা] গা মা) }, এখানে প্রথম বারে সা রা গা মা ও দ্বিতীয়বারে সা রা ন্া সা গাইতে হবে।

-স্বরলিপিকার

সঙ্গীত ও বক্তৃতা

বক্তৃতা দাও সদুদ্দেশ্যে, যাহার সহিত তোমার নিজের স্বার্থের সম্পর্ক কম। সঙ্গীত কর এমন বিষয়ের, যাহা দিয়া মানুষ মানুষকে ভালবাসে, পরকে আপন করে, দূরকে নিকট করে, দুর্ব্বলকে সবলতা দেয়, হতাশকে দেয় আশা এবং ভগ্নোদ্যমকে করে কর্ম্মনিরত। - শ্রীশ্রীস্বরূপানন্দ (অখণ্ড সংহিতা একবিংশ খণ্ড)

"জগতের সকল সম্প্রদায় আমার আমি জগতের সকল সম্প্রদায়ের"

অখণ্ডমণ্ডলেশ্বর

শ্রীশ্রীস্বামী স্বরূপানন্দ পরমহংসদেব

স্বরূপানন্দ সঙ্গীত স্বরলিপি দ্বিতীয় খণ্ড

গানের তালিকা

মন্দির
গান নং-৩৫৮

অখণ্ড সঙ্গীত

ভৈরবী - একতাল

সুর ঃ- অখণ্ডমণ্ডলেশ্বর শ্রীশ্রীমৎ স্বামী স্বরূপানন্দ পরমহংসদেব
স্বরলিপি ঃ- সঙ্গীত বিশারদ সুখময় গঙ্গোপাধ্যায়

খণ্ড আজিকে হোক্ অখণ্ড
অণু-পরমাণু মিলিত হোক্ ;
ব্যথিত পতিত দুঃখী দীনেরা
ভুলুক বেদনা, ভুলুক শোক ।।

দূরে থাকা আর চলিবে না,
জগতের কাছে আছে দেনা ;
জনমে জনমে প্রাণ-বলি দিয়া
ফুটুক নয়নে বিমলালোক ।

ছোট বড় সব এক হ'য়ে যাক্,
প্রাণে প্রাণে হোক্ নব অনুরাগ,
জীবে জীবে হোক্ প্রেম-বন্ধন,
সৃষ্ট হোক্ আনন্দ-লোক ।।

অপগত হোক্ আত্ম-কলহ,
স্বার্থ-প্রসূত দুঃখ-নিবহ ;
শরণ্য হোক্ ত্যাগের মন্ত্র,
ত্যাগই অমৃত, নহেক ভোগ ।।

স্থায়ী

```
 +              ২                ০                  ৩
II মা  -  মা  | মা  মা  মা    | জ্ঞমা পদা পমা  | জ্ঞরা  সরা   সণা
  খ   ণ্  ড     আ  জি  কে      হো০ ০ক অ০       খ০    ০ণ্    ড০
  সা  ঋা  সা  | সা  সমা মপমা | জ্ঞরা মজ্ঞা ঋা | সঋা  ণসা    া
  অ   ণু  প     র   মা০ ণু০০    মি০ লি০ ত       হো০   ০০     ক্
  সা  পা  পা  | দা  পা  পা    | পদা ণা দা      | পা    মা     মা
  ব্য থি  ত     প   তি  ত       দুঃ০ ০ খী       দী    নে     রা
  জ্ঞা মা  া  | জ্ঞা পা  মপমা | জ্ঞরা মজ্ঞা ঋা | সঋা  ণসা    া  II
  ভু  লু  ক     বে  দ   না০০    ভু০ লু০ ক       শো০   ০০     ক্
```

অন্তরা

```
II জ্ঞা মা  মা  | ণদা দা  ণা     | ণর্সা  -  র্সণা    | ঋর্ঁা   র্সা   া
  ছো  ট   ব     ড়০  স   ব       এ০   ক  হ০        য়ে     যা    ক্
  ণা  ণা  র্সা  | র্সা ণর্সা ঋর্সা | ণর্সা ণর্সঋা র্সণা | দপণদা  পা    া
  প্রা ণে  প্রা   ণে  হো০ ০ক       ন০   ব০০অ০        নু০০০   রা    গ
  জ্ঞা পা  পা   | ণদা পা  া       | পদা  ণা  দপা      | মপা    মা    া
  জী  বে  জী     বে০ হো  ক্       প্রে০ ০   ম০        ব০     ন্     ধন্
```

জ্ঞা মা মা | জ্ঞমা পদা পমা | জ্ঞরা মজ্ঞা ঋা | সঋা ণ্সা া II
সৃ ষ ট হো০ ০ক্ আ০ ন০ ০ন্ দ লো০ ০০ ক্

সঞ্চারী

II ণ্া ণ্া সা | সা জ্ঞা মা | মা মা পক্ষা | মা া া
দূ রে থা কা আ র্ চ লি বে০ না ০ ০

জ্ঞা জ্ঞা জ্ঞা | া রা জ্ঞা | জ্ঞমা জ্ঞমজ্ঞা ঋা | সা া া
জ গ তে র কা ছে আ০ ছে০০দে না ০ ০

সা পা পা | ণদা পা পা | পদা ণা দা | পা মা মা
জ ন মে জ ন মে প্রা০ ণ্ ব লি দি য়া

জ্ঞা মা া | জ্ঞা পা মপমা | জ্ঞরা মজ্ঞা ঋা | সঋা ণ্সা া
ফু টু ক ন য় নে০০ বি০ ম০ লা লো০ ০০ ক্ II

অন্তরা-২

II জ্ঞা মা মা | ণদা দা ণা | ণর্সা া র্সণা | ঋা র্সা র্সা
অ প গ ত০ হো ক্ আ০ ত্ ম০ ক ল হ্

ণা া ণা | র্সা র্সা র্সা | ণর্সা ঋা র্সণা | দা পা পা
স্বা র্ থ প্র সৃ ত দু০ খ্ খ০ নি ব হ্

জ্ঞা পা া | দা পা া | পদা পদা ণদা | পা মা মা
শ র ০ ণ্য হো ক্ ত্যা০ গে০ ০র্ ম ন্ ত্র

জ্ঞা মা মা | জ্ঞা পা মপমা | জ্ঞরা মজ্ঞা ঋা | সা ঋা ণ্সা
ত্যা গ ই অ মৃ ত০০ ন০ হে০ ক ভো ০ ০গ্ II

কৃতজ্ঞতা স্বীকার : উক্ত সঙ্গীতের স্বরলিপি ভারতের পশ্চিম বঙ্গের ইছাপুর নিবাসিনী শ্রীমতি জ্যোৎস্না দাস কর্তৃক প্রকাশিত "স্বর মন্দির" স্বরলিপি গ্রন্থ হতে নেয়া হয়েছে।

***"ভাল কথা বলা ভাল, ভাল কথা শুনাও ভাল
সবচেয়ে বেশী ভাল, ভাল কাজ করা"***

-শ্রীশ্রীস্বরূপানন্দ

Collected by Mukherjee TK, Dhanbad

মহাজীবন
ভাদ্র-১৪১১ সংখ্যা

জাগরণী-গীত

তাল-কাহারবা, সুর-সংগ্রহ

জাগ জাগ জাগ রে
নয়ন মেলে চাও রে-
জাগিয়া হরিগুণ গাওরে ॥
বিশ্ব চরাচর গায়
যেই নাম যেই ভাষায়;
সেই মধুর নাম মন গাওরে ॥

আর কত নিদ্রা যাও
জেগে নয়ন মেলে চাও
দেখ ঐ নিশি পোহাইলরে ॥
নাম নামী অভেদ জেনে
গাও নাম কায় মনে
দয়াল গুরু যেই নাম বিলায় রে ॥

উষাতে ওঙ্কার নাম
মনে রবে দিন যাম
নাদ ব্রহ্ম নাম গাওরে ॥
পরমব্রহ্ম মূর্ত্তি ধরে
গুরু যে মোদেরি তরে
পাপ তাপ নাশিতে এল রে ॥

স্থায়ী

\+ ০ + ০
II {না র্রসা না ধা | পা পক্ষা ধপা া I মা পা পধা পা | মা পমা গা মা I
জা গ০ জা গ জা গ০ রে০ ০ ন য়ন মে০ লে চা ও০ রে ০
I পা পধনর্সা া র্সা | র্সা র্সা র্সরা র্সনা I না -ঃধ পধা নর্রা | র্সা া া া} I
জা গি০০০ ০ য়া হ রি গু০ ০ম্ গা ০০ ০০ ০ও রে ০ ০ ০

অন্তরা

[পা পধনর্সা] [র্সনরা]
II {(র্সা র্সা) র্সা র্সা | র্সা (র্সা) র্সা া I র্সা র্সরা র্রা র্রসা | র্সা র্রগর্রা র্সা না} I
আ র ক ত নি দ্রা যা ও জে গে০ ন য়ন মে লে০০ চা ও
বি শ্ব চ রা চ র গা য় যে ০ই না ০ম যেই ভা০০ ষা য়
প রম ব্র হ্ম মূর তি ধ রে গু রু০ যে মো০ দে রি০০ ত রে

[র্গর্পর্গা]
I {র্সা র্সর্গা র্গা (র্গা) | র্রা র্গর্রা র্সা র্রসা I না -ঃধ পধা নর্রা | র্সা া া া} II
দে খ০ ঐ নি শি ০০ পো ০ হা ০ই ল০ ০০ রে ০ ০ ০
সে ০ই ম ধুর না ০ম্ ম ন্ গা ০০ ০০ ০ও রে ০ ০ ০
পা ০প তা প না ০০ শি তে এ ০০ ল০ ০০ রে ০ ০ ০

অন্তরা-২

[র্গা র্গর্মর্পা র্মা র্গা]
II {র্সা র্সা র্গা র্রা | (র্গা র্গা র্গা া) I র্পা র্পা র্মা র্গা | র্রা র্রা র্রর্গর্মর্গা র্রাসা }I
উ ষা তে ওম্ কা র না ম ম নে র বে দি বা যা০০০ ০ম্
না ম না মী অ ভেদ জে নে গা ও না ম কা য় ম০০০ নে০

র্গর্পর্গ [র্গর্সর্পার্গা]
I {র্সা র্সর্গা র্গা (র্গা) | র্রা (র্গর্রা) র্সা র্রসা I না -ঃধ পধনর্রা | র্সা া া া} II
না ০০ দ ব্র হ্ম ০০ না ০ম গা ০০ ০০০ ও রে ০ ০ ০
দ য়াল্ গু রু যে ০০ না ০ম বি ০০ লা০০ য় রে ০ ০ ০

বিঃ দ্রঃ পরমপূজ্যপাদ শ্রীশ্রীবাবামণির বাংলাদেশের বিভিন্ন গ্রাম ভ্রমণকালে সঙ্গীয় কর্ম্মীদের মধ্যে এ জাগরণী সঙ্গীত বিশেষ জনপ্রিয় ছিল- তদবধি বাংলাদেশের অখণ্ড সমাজে এ জাগরণী সঙ্গীত অত্যন্ত জনপ্রিয়। জনশ্রুতি এই ভক্তগণের আবেদনের ফলে শ্রীশ্রীবাবামণি এ সঙ্গীতটি রচনা করেন। গানখানি কীর্ত্তনাঙ্গের বিধায় একজন মূল গায়েন একটি চরণ/পদ গেয়ে যাওয়ার পর অন্য সবাই একত্রে দোহারী করে গাইলে ভাল লাগবে। অযাচক আশ্রম-বাংলাদেশ কেন্দ্রীয় কার্যালয়, রহিমপুর, মুরাদনগর, কুমিল্লা থেকে প্রকাশিত মাসিক "মহাজীবন" ১৪১১ বাংলা সনের ভাদ্র সংখ্যা হতে স্তবকগুলি নেয়া হয়েছে।

রাগ-মিশ্র আশাবরী

মন্দির
গান-৪৭

তাল-দাদরা   সুর-জীবেন্দ্র নাথ সরকার

আমার, গোপন পূজার ধন !
আজকে কেন বাইরে এসে
ডাকছ হে এমন ?
প্রাণের পুরে তোমার সাথে
হ'ত আলাপ দিবস-রাতে,
নিকট কেন দূর হ'য়ে আজ
কর্‌ছ উচাটন ?

দূর থেকে ঐ বাঁশীর ধ্বনি,
ব্যথাই যে দেয়-যতই শুনি ;
না প্রাণনাথ, এস কাছে,
দাও হে আলিঙ্গন।
আগে যেমন ছিলে হে নাথ,
তেমনি হও আপন ॥

স্থায়ী

\+ ০ + ০

সা সা ।
আ মা র

II রা মা । | পা ণদা পমা I পা । । | । । । I
গো প ন পূ জা র ধ ০ ০ ০ ০ ন

I পা র্সা র্সা | র্সা র্সরা র্স I ণা ণধা সর্ণা | দা পা । I
আ জ কে কে ন ০ বা ইও রেও এ সে ০

I মা । পা | রমা পদা মপা I মজ্ঞা । । | রা সা । II
ডা ক্‌ ছ হেও ০০ এও মও ০ ন্‌ "আ মা র্"

অন্তরা

II {মা পা । | ণদা । ণা I ণা র্সণা দা | ণা র্সা । I
প্রা ণে র পুও ০ রে তো মাও র সা থে ০

I র্সা র্রা । | জ্ঞা র্রা । I র্সা ণর্সা ণা | দা পা ।} I
হ তো ০ আ লা প দি বও স রা তে ০

I পা র্রা । | র্রা র্সা র্রা I র্মজ্ঞা র্জ্ঞা র্মা | র্রা র্রা র্সা I
নি ক ট কে ন ০ দূ র হ য়ে আ জ

I মা । পা | রমা পদা মপা I মজ্ঞা । । | রা সা । II
ক র্‌ ছ উও ০০ চাও টও ০ ন্‌ "আ মা র"

অন্তরা-২

II {মা । পা | ণদা দা ণা I ণা র্সণা দা | ণা র্সা । I
দূ র্‌ থে কেও ঐ ০ বাঁ শীও র ধ্ব নি ০

I র্সা র্রা । | র্জ্ঞা র্রা । I র্সা ণর্সা ণা | দা পা ।} I
ব্য থা ই যে দে য় য তও ই শু নি ০

I দা । । | । । । I প ণদা দা | প ণদা পমা I
না ০ প্রা ণ না থ্‌ এ সও ০ কা ছে ০০

I মা । পা | ণদা পা মা I পা । । | । । । I
দা ও হে আও লি ০ ঙ্গ ০ ০ ০ ০ ন

I পা পা র্জ্ঞা | র্রা র্সা র্রর্সা I ণা ণধা র্সণা | দা দা পা} I
আ গে ০ যে ম ন ছি লে ০ হে না থ্‌

I মা । পা | রমা পদা মপা I মজ্ঞা । । | রা সা । II
তে ম্‌ নি হও ০ও আও পও ০ ন্‌ "আ মা র"

ধরে নাও, একদিন তোমাদের দেশের স্বাধীনতা এল কিন্তু তোমাদের চরিত্র শিথিল। সঙ্গে সঙ্গেই নানা কদর্য ব্যাপার শুরু হয়ে যাবে। ক্ষমতা হাতে নেবার জন্য লোককে তোমরা ঘুষ দেবে, লোকেরা তুচ্ছ কিছু অর্থের লোভে বা অন্য কোনও স্বার্থের প্রত্যাশায় নিজ নিজ বিবেক অবহেলায় বিক্রি করবে। রাজনৈতিক প্রয়োজনে দরকার হলে অকুণ্ঠিত চিত্তে তোমরা গুপ্তহত্যা করবে বা তার প্রশ্রয় দেবে। দুষ্ট দমনের ক্ষমতা তোমরা হারিয়ে ফেলবে, শিষ্টদের পালনে তোমরা অক্ষম হবে। তোমাদের নিজ নিজ ব্যক্তিগত স্বার্থকে দেশের স্বার্থ বা জাতির কল্যাণ বলে ব্যাখ্যা করতে তোমাদের লজ্জা হবে না। মানুষের হাহাকার তোমাদের হৃদয়ের পাষাণ গলাতে অক্ষম হবে, তোমাদের ক্ষুদ্র বুদ্ধিতে যা বুঝতে পেরেছ, তার চেয়ে বেশি কেউ বুঝলে তাকে দাবিয়ে রাখবার জন্য ষড়যন্ত্রের জাল বিস্তার করবে। মোট কথা, চরিত্রের সাধনাকে যদি সমগ্র জাতির সর্বস্তরে না প্রসারিত কত্তে পার তাহলে রাজনীতি কত্তে গিয়েও তোমরা দেশের সেবা বা জনগণের কল্যাণ কিছুই কত্তে পারবে না। স্বাধীনতা প্রাংশুলভ্য ফল। অনেক সাধনায় মিলে। কর্মের প্রতাপে বা দৈবের আনুকূল্যে যদি তা পেয়ে যাও, তবে তাকে রাখবার জন্যও প্রচণ্ড পৌরুষ এবং চরিত্রবলের দরকার।

-শ্রীশ্রীস্বরূপানন্দ

মন্দির
গান নং- ৩৩

রাগ-মিশ্র কাফি

তাল-দাদ্‌রা, সুর-জীবেন্দ্র নাথ সরকার

কে ভিখারী, কেবা রাজা
কে করে বিচার ?
সে যে গো রাজার রাজা
তুমি আছ যার ॥

পথের ধূলিতে ফোটে
সোণার কমল,
আঁখির বারিতে ঝরে
মুকুতা বিমল,
তোমারে লইয়া সুখী
জীবন তাহার ॥

সে ভিখারী কর মোরে,-
কিছু নাহি চায়,
তোমারে ছাড়িয়া আর
কোথাও না যায়,
সুখ-দুখ জানে শুধু
আশিস-তোমার ॥

স্থায়ী

\+ ০ + ০
II া া মা | রা সণ্‌া পা্‌ I সা সা া | সন্‌া রসা া I
০ ০ কে ভি খা০ রী কে বা ০ রা০ জা০ ০

I া া রা | রসা রপা মপা I মজ্ঞা া া | া া া I
০ ০ কে ক০ রে০ বি০ চা০ ০ ০ ০ ০ র্

I া া জ্ঞা | মা পা র্সা I র্সা র্সনা র্রর্সা | ণা ধণা ধণা II
০ ০ সে যে গো ০ রা জা০ র রা জা০ ০০

I পা া মজ্ঞা | মা পা র্সা I র্সা নর্সা র্রর্জ্ঞা | র্রা র্সর্রর্সা র্ণর্সণা I
০ ০ সে০ যে গো ০ রা জা০ ০র রা জা০০ ০০০

I ধণধা পা মা | মা পণা মপা I মজ্ঞা া মা | জ্ঞরা সা সণ্‌া I
০০০ ০ তু মি আ০ ছ০ যা০ ০ ০ ০০ ০ ০০

I রা া মা | রা সণ্‌া পা্‌ I সা সা া | সন্‌া রসা া II
০ র্ কে ভি খা০ রী কে বা ০ রা০ জা০ ০

অন্তরা

II া া { মা | পা র্সণা ণপা I পা র্সা া | র্সনা র্রর্সা া I
০ ০ প থে র০ থু০ লি তে ০ ফো০ টে০ ০

I া া ণদা | দা ণা (র্ণা I র্সা া া | র্সনা র্সা র্সা) I
০ ০ সো না র ক০ ম ০০ ০০ ০০ ০ ০

I র্সা পা পা | ণা র্সা র্রা I র্রর্জ্ঞা র্সর্রা র্মর্জ্ঞা | র্রা র্সা া I
০ ল্ আঁ খি র বা রি০ তে০ ০০ ঝ রে ০

I া া ণা | ধা পমা মধা I ধণা ধণা পধা | মপা া া I
০ ০ মু কু তা০ বি০ ম০ ০০ ০০ ০ ০ ০

I া া}{পা | ধা র্সা র্রা I র্রর্জ্ঞা র্সর্রা র্মর্জ্ঞা | (র্রা র্সা া)} I
০ ল্ তো মা রে লই য়া০ ০০ ০০ সু খী ০

I া া} মা | মা পণা মপা I মজ্ঞা া মা | জ্ঞর সা সণ্‌ I
০ ০ জী ব ন০ তা০ হা০ ০ ০ ০০ ০ ০০

I রা া মা | রা সণ্‌া পা্‌ I সা সা া | সন্‌া রসা া II
০ র্ কে ভি খা০ রী কে বা ০ রা০ জা০ ০

সঞ্চারী

II া া মা | রা মা মা I পা মপা ধণা | ধা পা া I
০ ০ সে ভি খা রী ক র০ ০০ মো রে ০

I া া মা | মা পণা মপা I মা া জ্ঞা | া া া I
০ ০ কি ছু না০ হি০ চা ০ ০ ০ ০ ০

I া া জ্ঞা | জ্ঞমা মা মা I জ্ঞরা রা া | রজ্ঞরা সরসা ণ্‌সণ্‌া I
০ য় তো মা০ রে ছা ড়ি০ য়া ০ আ০ ০০০ ০০০

I ণ্‌া পা্‌ পা্‌ | সণ্‌া রসা সরা I রজ্ঞা রজ্ঞা সরা | সণ্‌া ণ্‌া সা I
০ র্ কো থা০ ও০ না০ যা০ ০০ ০০ ০ ০ য়

I া া {পা | ণা র্সা র্রা I র্রর্জ্ঞা র্সর্রা র্মর্জ্ঞা | (র্রা র্সা া) I
০ ০ সু খ দু খ জা০ নে০ ০০ শু ধু ০

I া া} মা | মা পণা মপা I মজ্ঞা া জ্ঞা | মা রা সণ্‌ I
০ ০ আ শি স০ তো০ মা০ ০ ০ ০০ ০ ০০

I রা রা মা | রা সণ্‌া পা্‌ I সা সা া | সন্‌া রসা া II
০ র কে ভি খা০ রী কে বা ০ রা০ জা০ ০

সুর-বাউল

মন্দির
গান নং- ১৮

তাল-দাদ্‌রা(দ্রুতলয়) | সুর-অশোক সেনগুপ্ত

যে নামে সকল নামের সমন্বয়
সে নামে ডাকতে তোমায়
করব আবার কিসের ভয়?

এরা সব শূদ্র, চাঁড়াল,
এরা সব দুঃখী, কাঙ্গাল,
তাই ব'লে কি ভগবানের
শ্রেষ্ঠ নামটী এদের নয়?

যে যত থাকুক ছোট,
সকলের হৃদয়-বনে
কমল হ'য়ে তুমি ফোট।
ওগো ও বিশ্বপতি।
তোমাতে থাকলে রতি,
সকলের বিরুদ্ধতা বিরূপতা
সবই মোরা করব জয়।

স্থায়ী

II{ া া সা | গা গা া I গা গা মা | মা পা মগা I
০ ০ যে না মে ০ স ক ল না মে ০র

I গা গা মা | পা া া I া দা দা | দা দা া I
স ম ন্ ন্ ০ ০ ০ য় সে না মে ০

I পা ণা দা | পা মা া I া া গা | গা মা পা I
ডা ক্ তে তো মা ০ ০ য় কর্ ব আ বার

I গা মা গা | ঋা সা ণ্‌া I া া} ণ্‌া | সা গা া I
কি সে র ভ ০ ০ ০ য় যে না মে ০

I গা গা মা | মা পা মগা I গা গা মা | পা া া II
স ক ল না মে ০র স ম ন্ ন্ ০ য়

অন্তরা

II া া পা | দা নর্সা র্সা I র্সা া র্সা | র্সা র্সা া I
০ ০ এ রা স০ ব শূ ০ দ্র চাঁ ড়া ০

I া া না | র্সা র্সা া I না র্সা না | দা পদা পমা I
০ ল্ এ রা স ব দুঃ খী ০ কা ঙ্গা০ ০ল

I া া পা | দা নর্সা র্সা I র্সর্জ্ঞা র্ঋর্মা র্জ্ঞা | র্ঋা র্সা া I
০ ০ এ রা স০ ব শূ০ দ্র০ ০ চাঁ ড়া ০

I া া না | র্সা র্সা া I না র্সা না | দা পা া I
০ ল্ এ রা স ব দুঃ খী ০ কা ঙ্গা ০

I া া র্সা | র্জ্ঞা র্ঋা র্জ্ঞা I র্ঋর্মা র্জ্ঞা া | র্ঋা র্সা া I
০ ল্ তাই ব লে কি ভ০ গ ০ বা নে ০

I া পা পা | দা না র্সা I র্সর্জ্ঞা র্ঋর্মা র্জ্ঞা | র্ঋা র্সা া I
০ র শ্রেষ ঠ নাম টি এ০ দে০ র ন ০ ০

I া দা দা | দা দা া I পা ণা দা | পা মা া II
০ য় সে না মে ০ ডা ক্ তে তো মা ০

I া া গা | গা মা পা I গা মা গা | ঋা সা ণ্‌া II
০ য় কর্ ব আ বার্ কি সে র ভ ০ য়

যে নামে সকল নামের সমন্বয়

সঞ্চারী

II{ া া সা | গা পা া I ক্ষা পা া | ক্ষা পা া I
০ ০ যে য ত ০ থা কু ক্ ছো ট ০

I া গা গা | মা দা া I পা দা া | পা ণদা পা I
০ ০ স ক লে০ র হৃ দ য় ব নে০ ০

I মা া গা | গা মা পা I গা মা গা | ঋা সা া}II
০ ০ ক মল হ য়ে তু মি ০ ফো ট ০

আভোগ

II া া পা | দা নর্সা র্সা I র্সা া র্সর্ঋ | র্না র্সা া I
০ ০ ও গো ও০ ০ বি ০ শ্ব০ প তি ০

I া া না | র্সা র্সা া I না র্সা না | দা পদা পমা I
০ ০ তো মা তে ০ থা ক্ লে র তি০ ০০

I া া পা | দা নর্সা র্সা I র্সর্জ্ঞা র্ঋর্মা র্জ্ঞা | র্ঋা র্সা া I
০ ০ ও গো ও০ ০ বি০ শ্ব০ ০ প তি ০

I া া না | র্সা র্সা া I না র্সা না | দা পা া I
০ ০ তো মা তে ০ থা ক লে র তি ০

I া া র্সা | র্জ্ঞা র্জ্ঞা া I র্ঋা র্জ্ঞা া | র্ঋা র্জ্ঞা া I
০ ০ স ক লে র বি রু ০ দ্ধ তা ০

I র্ঋর্মা র্জ্ঞা া | র্ঋা র্সা া I া দা পা | দা না র্সা I
বি০ রূ ০ প তা ০ া া সব ই মো রা

I র্সর্জ্ঞা র্ঋর্মা র্জ্ঞা | র্ঋা র্সা া I া দা দা | দা দা া II
ক০ ০র্ ব জ য় ০ ০ ০ সে না মে ০

I পা ণা দা | পা মা া I া া গা | গা মা পা I
ডা ক্ তে তো মা ০ ০ য় কর ব আ বার

I গা মা গা | ঋা সা ণ্‌া II
কি. সে র ভ ০ য়

(যে নামে সকল নামের সমন্বয়)

মধুমল্লার
গান নং-১৭৮

তাল- তেওড়া

সুর-পরেশ চন্দ্র কুরী

নিষ্কলঙ্ক চরিত্র যার
আসক্তিহীন মন,-
নিত্যকালের কৈ সে মানুষ,
আমার ধ্যানের ধন ?

তার চরণের পরশ পেতে
যুগ-যুগান্ত বক্ষ পেতে
প্রতীক্ষা যে করছি দিবা-
রাত্রি অনুক্ষণ ॥

যার দরশে সকল পাপের
পঙ্ক দূরে যায় -
যার পরশে নিত্য মলয় -
সমীর লাগে গায়,
যার প্রেরণা দেয় পরাণে
আত্মদানের পণ ॥

স্থায়ী

II
\+ ২ ৩ + ২ ৩
II র্সা । র্সা | না র্রা | র্সা । I ণা ণধা সণা | দা । | পা । I
নি ষ্ ক ল ং ক ০ চ রি০ ০ ত্র ০ যা র
I রা মা । | পা । | ণধা র্সণা I ণদা । ণ | পা । | । । I
আ স ক্ তি ০ হী০ ন্ ম০ ০ ০ ০ ০ ০ ন্
I জ্ঞা । জ্ঞরা | সরা । | সণ্া । I সা রা মা | মা পা | পা । I
নি ০ ত্য০ কা০ ০ লে র কৈ ০ সে মা ০ নু ষ
I মা পা । | সণা । | জ্ঞরা মজ্ঞা I র্রা র্সা । | পণা । | পা । II
আ মা র ধ্যা ০ নে০ ০র ধ ০ ০ ০০ ০ ০ ন্

অন্তরা

[র্রা র্মা র্রর্সা ণপা]
II {র্রা । র্রা | (সর্রা । | সর্ণা পা) I পা র্সণা র্রর্সা | র্রা । | র্রা । I
তা র চ র০ ০ ণে০ র্ প র০ ০শ্ পে ০ তে ০
[র্সা না]
I র্জ্ঞা । র্জ্ঞা | র্জ্ঞা । | র্জ্ঞা । I র্রা র্মা র্জ্ঞা | রা র্সা | (নর্সা র্রা)} I
যু গ যু গা ন্ ত ০ ব ০ ক্ষ পে ০ তে০ ০
I না না । | না । | র্সা । I নর্সা নর্রা র্সা | ণা । | ণধা পমা I
প্র তী ০ ক্ষা ০ যে ০ ক০ ০র্ ছি দি ০ বা০ ০০
I গা । মা | গমা ণপা | মা পা I মজ্ঞা । । | । । | । । I
রা ০ ত্রি অ০ ০০ নু ০ ক্ষ ০ ০ ০ ০ ০ ণ্
I জ্ঞা । জ্ঞরা | সরা । | সণ্া । I সা রা মা | মা পা | পা । I
নি ০ ত্য০ কা০ ০ লে র কৈ ০ সে মা ০ নু ষ

I মা পা । | র্সণা । | র্জ্ঞরা র্মজ্ঞা I র্রা র্সা । | পণা । | পা । II
আ মা র ধ্যা ০ নে০ ০র ধ ০ ০ ০০ ০ ০ ন্

সঞ্চারী

II {সা । রা | মা । | মা পা I পা পা । | পা । | পা । I
যা র দ র ০ শে ০ স ক ল পা ০ পে র
I পা । পা | পা । | মপা ণপা I মা জ্ঞা । | । । | । । I
প ঙ্ ক দূ ০ রে০ ০০ যা ০ ০ ০ ০ ০ য়
I মজ্ঞা । মা | পা । | না । I না র্সা র্সর্রা | র্সনা । | র্সা । I
যা র প র ০ শে ০ নি ০ ত্য০ ম ০ ল য়
[। । নর্রা র্সনা]
I পা র্রা । | র্সণা । | পা । I র্সা । । | (নর্সা র্রর্সা | ণপা মজ্ঞা)} I
স মী র লা০ ০ গে ০ গা ০ ০ ০০ ০০ ০০ ০য়
I না । না | না । | র্সা । I নর্সা নর্রা র্সা | ণা । | ণধা পমা I
যা র প্রে র ০ ণা ০ দে০ ০য় প রা ০ ণে০ ০০
I গা । মা | গমা ণপা | মা পা I মজ্ঞা । । | । । | । । II
আ ০ ত্ম দা০ ০০ নে র প ০ ০ ০ ০ ০ ণ্

(নিত্য কালের কৈ সে মানুষ ———— ধ্যানের ধন)

'আমি ত' আমার সভাস্থলে যথেষ্ট গানের ব্যবস্থা রাখি। সে গান সৎসঙ্গীত। সে গানের ভাষায় থাকা চাই সাবলীল ভাবে অর্থ পরিবেশন, দিব্য জীবন লাভের প্রণোদনা, নিয়ত সাধনশীল হওয়ার অফুরন্ত প্রেরণা। সেই গানের থাকা চাই নিখিল ভুবনবাসীর জন্য কাম-কলুষ-গন্ধহীন সজীব প্রেমভাব এবং পরদুঃখ-কাতরতার অশ্রু-নির্ঝর' -শ্রীশ্রীস্বরূপানন্দ (অখণ্ড সংহিতা চতুর্বিংশ খণ্ড)

মঙ্গল মুরলী
গান নং- ৮৪

রাগ- কিরওয়ানী (কিরবাণী)

তাল- দাদ্‌রা(দ্রুতলয়) — সুর-জীবেন্দ্র নাথ সরকার

সম্প্রদায়ের উর্দ্ধে উঠিয়া
নিরেট সত্য ধর,
সকল সম্প্রদায়ের মানুষে
প্রাণের আপন কর ॥

আলোকে পুলকে প্লাবিয়া ধরণী
নির্ভয়ে চালা জীবন-তরণী,
তোদের লক্ষ্য পরম সত্য
মঙ্গল-সুন্দর,
তোদের লক্ষ্য কোটি জগতের
শান্তি সুখ-মুখর ॥

আননে আননে ঘটাবি দীপ্তি
সবারে বিলাবি বিমল তৃপ্তি,
বিতরিবি সদা প্রাণ-ভরা প্রেম,
সুধা অবিনশ্বর,
মুমূর্ষু যত দুর্ব্বলে দিবি
অমরত্বের বর ॥

স্থায়ী

II সা া জ্ঞা | পা পা া I পা া দা | র্সা র্সা া I
স ম্‌ প্র দা য়ে র উ র্‌ ধে উ ঠি য়া

I না র্সা না | দপা মা পা I ণদা া া | া া া I
নি রে ট স০ ০ ত্য ধ০ ০ ০ ০ ০ র্‌

I পা পা া | র্রা া র্রা I র্রা জ্ঞা র্রা | র্সা র্সা র্সা I
স ক ল্‌ স ম্‌ প্র দা য়ে র মা নু ষে

I না র্সা া | না র্রসা া I ণদা া া | া া া I
প্রা ণে র আ প০ ন ক০ ০ ০ ০ ০ র্‌

I পা দা মা | মা মা জ্ঞা I পা া া | া া া I
প্রা ণে র আ প ন ক ০ ০ ০ ০ র্‌

অন্তরা

II র্জ্ঞা র্জ্ঞা র্সা | র্জ্ঞা র্জ্ঞা র্সা I র্জ্ঞা র্জ্ঞা র্সা | র্জ্ঞা র্জ্ঞা র্সা I
আ লো কে পু ল কে প্লা বি য়া ধ র ণী
আ ন নে আ ন নে ঘ টা বি দী প্‌ তি

I র্রা া না | র্রা না না I পা না র্সা | র্মজ্ঞা র্সা া I
নি র্‌ ভ য়ে চা লা জী ব ন ত০ র ণী
স বা রে বি লা বি বি ম ল তৃ প্‌ তি

I র্সা র্রা র্জ্ঞা | র্জ্ঞর্মা া র্মা I র্মা র্মা া | র্মা র্গা র্পর্মা I
তো দে র ল০ ০ ক্ষ্য প র ম স ০ ত্য০

I র্সা র্রা র্জ্ঞা | র্জ্ঞর্মা া র্মা I র্মা র্মা া | র্গা র্পর্মা র্মা I
বি ত রি বি০ স দা প্রা ণ ভ রা প্রে০ ম

I র্রা া র্জ্ঞা | র্মা র্পর্মা র্জ্ঞর্মা I র্মা া র্পা | া া া I
ম ০ ঙ্গ ল সু০ ০ন্‌ দ ০ ০ ০ ০ র্‌
সু ধা অ বি ন ০ শ্ব ০ ০ ০ ০ র্‌

I র্পা র্পা র্পর্মা | র্মা া র্মজ্ঞা I র্জ্ঞা র্জ্ঞা র্জ্ঞর্রা | র্রা র্রা র্সা I
তো দে ০র ল ০ ০ক্ষ্য কো টি জ০ গ তে র
মু মূ র্‌ ষু য ত দু র্‌ ব লে দি বি

I র্সা া র্সা | র্সা না র্রসা I ণা া া | া া দা I
শা ন্‌ তি সু খ্‌ মু০ খ ০ ০ ০ ০ র্‌
অ ম র ০ ত্বে র ব ০ ০ ০ ০ র্‌

I পা দা মা | মা মা জ্ঞা I পা া া | া া া II
প্রা ণে র আ প ন ক ০ ০ ০ ০ র্‌

মন্দির
গান নং- ৪৪

রাগ- মিশ্র রাগেশ্রী

তাল- কাহারবা — সুর-জীবেন্দ্র নাথ সরকার

আমি, নীরবে নিভৃতে দিব
জীবন বলি,
নীরবে ফুটিবে প্রেম-
ফুলের কলি ॥

নীরবে গাহিব গান,
নীরবে জাগিবে প্রাণ,
নীরবে জোয়ারে বুকে
পড়িবে পলি ॥

নীরব কাননে মম
কোকিল গীতি,
জাগাইবে অতীতের
মধুর স্মৃতি,
নীরবে গড়িব বেদী
সুনীল-গগন-ভেদী
নীরবে প্রভুর পায়ে
পড়িব ঢ'লি ॥

স্থায়ী

{ গা া গমা পা
আ ০ মি০ ০

II গা া গা গ | মা রা রা সা I র্সা ন্া রসা া | ণ্া া ধ্া া I
০ ০ নী ০ র বে ০ নি ভৃ ০ তে ০ দি ০ ব ০

I া া ধ্া ধ্া | ণ্া সা া মা I গা া া া | (গা া গমা পা) }I
০ ০ জী ০ ব ন ০ ব লি ০ ০ ০ আ ০ মি০ ০০

I া া {(মো া | া ধা া ধণা) I পা ধা ধা পা | মা গা মা া } I
০ ০ নী ০ র বে ০ ফু০ টি ০ বে ০ প্রে ০ ০ ম

I া া গা গা | রা গা পা পা I মা া া র্সা | ণা ধা পমা গা I
০ ০ ফু ০ লে র ০ ক লি ০ ০ ০ "আ ০ মি ০

(নীরবে নিভৃতে দিব জীবন বলি)

অন্তরা

II ৷ ৷ র্সণা ণা | ধা পমা ৷ পা I ধা ৷ ধা র্সা | র্সা র্সনা নর্রা র্সা I
০ ০ নী ০ র বে০ ০ গা হি ০ ব ০ ০ গা০ ০নু ০
০ ০ নী র ০ বে ০ গ ড়ি ০ ব ০ বে ০ দী ০

I ৷ ৷ ধা ধা | ণা র্সা ৷ র্গা I র্রা র্গা র্রর্গা র্মর্গা | র্রা র্সনা র্সা ৷ I
০ ০ নী ০ র বে ০ জা গি ০ বে০ ০০ ০ প্রা০ ণ্‌ ০
০ ০ সু ০ নী ল ০ গ গ ০ ন০ ০০ ০ ভে দী ০

I ৷ ৷ র্সর্রা র্সর্রা | ৷ র্সণা ৷ ণা I ণা র্সা ণা র্সা | ধা ৷ ধপা মা I
০ ০ নী০ র০ ০ ব০ ০ জো য়া ০ রে ০ ০ বু কে ০
০ ০ নী০ র০ ০ বে০ ০ প্র ভু ০ র ০ ০ পা য়ে ০

I ৷ ৷ গা ৷ | রা গা পা পা I মা ৷ ধা ৷ | ণা ৷ র্সা ৷ II
০ ০ প ০ ড়ি বে ০ প লি ০ ০ ০ ০ ০ ০ ০"
০ ০ প ০ ড়ি ব ০ ঢ লি ০ ০ ০ ০ ০ ০ ০"

I ৷ ৷ র্সর্রা র্সর্রা | ৷ র্সণা ৷ ণা I ণা র্সা ণা র্সা | ধা ৷ ধপা মা I
০ ০ নী০ র০ ০ ব০ ০ জো য়া ০ রে ০ ০ বু কে ০
০ ০ নী০ র০ ০ বে০ ০ প্র ভু ০ র ০ ০ পা য়ে ০

I ৷ ৷ গা ৷ | রা গা পা পা I মা ৷ ৷ র্সা | ণা ধা পমা গা III
০ ০ প ০ ড়ি বে ০ প লি ০ ০ ০ "আ ০ মি ০"
০ ০ প ০ ড়ি ব ০ ঢ লি ০ ০ ০ "আ ০ মি ০"

সঞ্চারী

II ৷ ৷ সা ন্‌া | সা ণ্‌া ধ্‌া ণ্‌া I সা ৷ সা ৷ | সা ন্‌া সা ৷ I
০ ০ নী ০ র ব ০ কা ন ০ নে ০ ম ০ ম ০

I ৷ ৷ ধ্‌া ধ্‌া | ণ্‌া সা ৷ জ্ঞা I রা ৷ ৷ ৷ | ৷ ৷ ৷ ৷ I
০ ০ কো ০ কি ল ০ গী তি ০ ০ ০ ০ ০ ০ ০

I ৷ ৷ মা ধা | পা ণা ধা পা I মা গা পমা ৷ | জ্ঞা মজ্ঞা রা রা I
০ ০ জা গা ০ ই বে ০ অ ০ তী০ ০ তে ০০ ০ র

I ৷ ৷ মজ্ঞ মজ্ঞ | রা সণ্‌া ণা ধা I সা ৷ ৷ ৷ | ৷ ৷ ৷ ৷ I
০ ০ ম০ ০০ ধু র ০ স্মৃ তি ০ ০ ০ ০ ০ ০ ০

মন্দির

গান নং- ৩

রাগ- মিশ্র ভীমপলশ্রী

তাল- কাহারবা

সুর-জীবেন্দ্র নাথ সরকার

এক মুঠা ধুলি দিয়া তৈরী এ দেহখানি
তোমার মন্দির তুমি লহ হে করিয়া,
প্রতি অণু-পরমাণু তোমার পূজার লাগি'
নিজ হাতে মনোমত লও হে গড়িয়া ॥
ধুলা বালি কাদা ছানি'
দাও প্রাণ, দাও বাণী
অসার অনিত্য এই মাটির ঘটে ;
আঁক হে মহান কবি
তোমার মোহন ছবি
দু'দিনের বিলাসের মানস-পটে ;
কোটি জনমের আশা
অস্ফুটন যত ভাষা
তোমার পরশ দিয়া দাও জাগাইয়া ॥

স্থায়ী

\+ ০ + ০
II সণ্‌া ৷ সা সা | সা মজ্ঞা জ্ঞা মা I ৷ মপা ঞ্জমজ্ঞ মা | মপা পা পা পা I
এ০ ক্‌ মু ঠা ধু লি০ দি য়া তৈ ০০ ০রী০ এ দে০ হ খা নি

I পা পণা ধর্সা ণা | দা ৷ পদা পদা I পমা মপা ঞ্জমজ্ঞ মা | পমা জ্ঞমপা পা পা I
তো মা০ ০র মন্‌ দি র তু০ মি০ ০ লও হে০ ক রি০ ০০০ য়া ০

I ৷ পর্সা -র্ঞ্জর্স র্সা | ণর্রা র্সর্রা র্সণধা ণা I ৷ ধা ধপমা পা | পণা ধর্সণা দা পা I
০ প্রতি ০অ ণু প০ র০ মা০০ ণু ০ তো মা০র পূ জা০ ০০র লা গি

I ৷ পপা দপা মপা | মরা রমা মা জ্ঞা I ৷ রসণ্‌া সা মজ্ঞা | জ্ঞরা সরা সরা সরা II
০ নি০ জহা ০তে ম০ নো০ ম ত ০ ল০ও হে গ০ ড়ি০ ০০ য়া০ ০০
(এক মুঠা ধুলি দিয়া তৈরী এ দেহখানি)

অন্তরা

II{ ৷ সজ্ঞা ঞ্জজ্ঞা জ্ঞরা | মা মজ্ঞা ঞ্জজ্ঞা জ্ঞা I ৷ ররা জ্ঞরা সসা | সরা রমা মগা মা I
০ ধূ০ লাবা ০লি কা ০দা ০ছা নি ০ দা০ ওপ্রা ণ্‌ দা০ ০ও বা ণী

[পা পা]
I ৷ সসা রমা মপা | ণধা র্সণা ণদা দা I ৷ পপা দপা মদা | পা ৷ (মা জ্ঞা) }I
০ অ০ সার অ০ নি০ ত্য০ এ০ ই ০ মা০ টির ০ঘ টে ০ ০ ০

I ৷ পপা ণর্স র্র্রা | র্রা ৷ র্রা র্রা I ৷ পপা ণর্স র্র্রা | র্সর্রা র্সর্রর্মর্জ্জা র্জ্জর্জ্জা র্জ্জা I
০ আঁ০ কহে ০ম হা ন্ ক বি ০ তো০ মার ০মো হ০ ন্০০০ ০ছ বি

I ৷ ররা র্রর্জ্জা র্জ্জর্জ্জা | র্রর্রা র্রর্জ্জা র্রর্সা র্সণা I ৷ ণণা র্সর্রা র্রর্জ্জা | র্রর্সা র্সা ৷ ৷ I
০ দু০ দিনে র বি০ লা০ সে০ ০র ০ মা০ নস প০ টে০ ০ ০ ০

I ৷ পপা র্সর্সা র্সণা | ণর্রা র্সর্রা র্সণধা ণা I ধধা ণধা পমা | মপা পণা দদা পা I
০ কো০ টিজ ন০ মে ০র আ০০ শা ০ অ০ ফুট ০ন য০ ত০ ভা০ ষা

I ৷ পপা র্সনা নর্সা | পা দণদা দপা মা I ৷ রমা মপা পদা | মদা পমা জ্জরা সরা II
০ তো০ মার ০প র শ০০ ০দি য়া ০ দা০ ওজা ০গা ই০ ০০ য়া০ ০০

(এক মুঠা ধুলি দিয়া তৈরী এ দেহখানি)

রাগ- ভৈরবী

মন্দির
গান নং- ৫৫

তাল- দাদ্‌রা

সুর-জীবেন্দ্র নাথ সরকার

তোমারি গান ভরিয়া প্রাণ
গাহিতে চাই, গাহিতে চাই ;
তোমারি নামে, তোমারি প্রেমে
জীবন যেন লভে গো ঠাঁই ॥

তোমারে ছাড়া জানি না আর,
তুমি যে মোর সকল সার,
তুমি যে চির আশার আধার,
তোমার মত আপন নাই,
তোমারে পেলে প্রাণ জুড়াই ॥

তোমারি ঐ চরণ-মূলে
থাকিতে চাহি জগৎ ভুলে,
আপন হাতে লহ গো তুলে
তোমাতে যেন আমারে পাই,
তোমাতে যেন সব হারাই ॥

যে গান গাহি তোমার লাগি
সে গানে যেন আমিও জাগি,
কাতরে তব শরণ মাগি
চরণ শুধু লভিতে চাই ॥

স্থায়ী

II দা্ ণ্সা সা | র্সা ৷ ঋা I জ্ঞা মপা মজ্ঞা | পমা ৷ ৷ I
তো মা০ রি গা ০ ন ভ রি০ য়া০ প্রা০ ০ ণ্

I সা ঋা ণা্ | সঋা জ্ঞমা মা I জ্ঞরা মজ্ঞা ঋা | সা ৷ ৷ I
গা হি তে চা০ ০০ ই গা০ হি০ তে চা ০ ই

I সা পা পা | পা পা ৷ I পা দণা দা | পা মা ৷ I
তো মা রি না মে ০ তো মা০ রি প্রে মে ০

I পা ণধা র্সণা | দা পা মা I মা পমা জ্ঞরা | মজ্ঞা ৷ ঋসা I
জী ব০ ০ন যে ন ০ ল ভে০ গো০ ঠাঁ ০ ০ই

I সা ঋা সণা্ | সঋা জ্ঞমা মা I জ্ঞরা মজ্ঞা ঋা | সা ৷ ৷ I
গা হি তে চা০ ০০ ই গা০ হি০ তে চা ০ ই

অন্তরা

II জ্ঞা মা মা | ণদা দা ণা I ণা র্সঋা র্সণা | র্সা ৷ ৷ I
তো মা রে ছা০ ০ ড়া জা নি০ না০ আ ০ র

I ঋা ঋা ঋা | ঋর্সা জ্ঞঋা র্সণা I র্সা জ্ঞরা মজ্ঞ | ঋা র্সা ৷ I
তু মি যে মো০ ০০ ০র স ক০ ০ল্ সা ০ র

I দা র্সা র্সা | ণর্সা ঋা র্সা I ণধা র্সণা দা | পা ৷ ৷ I
তু মি যে চি০ ০ র আ০ শার আ ধা ০ র

I পা ণধা র্সণা | দা পা মা I মা পমা জ্ঞরা | মজ্ঞা ৷ ঋসা I
তো মা০ ০র ম ত ০ আ প০ ন০ না০ ০ ০ই

I সা ঋা সণা্ | সঋা জ্ঞমা মা I জ্ঞরা মজ্ঞা ঋা | সা ৷ ৷ II
তো মা রে০ পে০ ০০ লে প্রা০ ০ণ্ জু ড়া ০ ই

সঞ্চারী

II দা্ ণ্সা সা | সা সা ঋা I জ্ঞা মা মা | মা মা ৷ I
তো মা০ রি ঐ ০ ০ চ র ণ মূ লে ০

I সা রা সা | সরা জ্ঞমা মা I জ্ঞা রা মজ্ঞা | ঋা সা ৷ I
থা কি তে চা০ ০০ হি জ গ ৎ ভু লে ০

I সা পা পা | পা পা ৷ I পা দণা দা | পা মা ৷ I
আ প ন হা তে ০ ল হ০ গো তু লে ০

I পা ণধা র্সণা | দা পা মা I মা পমা জ্ঞঋা | জ্ঞা ৷ ঋসা I
তো মা০ তে০ যে ন০ ০ আ মা০ রে০ পা ০ ০ই

I সা ঋা সণা্ | সঋা জ্ঞমা মা I জ্ঞরা মজ্ঞা ঋা | সা ৷ ৷ II
তো মা তে০ যে০ ০০ ন স০ ০ব হা রা ০ ই

জাতীয় জীবনে চরিত্রের চেয়ে বড় সম্পদ, চরিত্রের চেয়ে বড় সম্বল, চরিত্রের চেয়ে বড় নির্ভরযোগ্য বস্তু আর কিছুই নেই।

-শ্রীশ্রীস্বরূপানন্দ

আভোগ

II জ্ঞা মা মা | ণদা দা ণা I ণা র্সর্ঋণা ণর্সা | র্সা র্সা া I
যে গা ন গা০ ০ হি তো মা০ ০র লা গি ০

I র্ঋা র্ঋা র্ঋা | র্ঋর্সা র্জ্ঞর্ঋা র্সণা I র্সা র্সর্ঋা র্জ্ঞা | র্ঋা র্সা া I
সে গা নে যে ন০ ০০ আ মি০ ও জা গি ০

I দা র্সা র্সা | ণর্সা র্ঋা র্সা I ণধা র্সণা দা | দা পা া I
কা ত রে ত০ ০ ব শ০ র০ ণ মা গি ০

I পা ণা দা | পা মা পমা I জ্ঞা জ্ঞা রা | মজ্ঞা া ঋসা I
চ র ণ শু ধু ০০ ল ভি তে চা০ ০ ০ই

I সা ঋা ণ্া | সঋা জ্ঞমা মা I জ্ঞরা মজ্ঞা ঋা | সা া া II
গা হি তে চা০ ০০ ই গা০ হি০ তে চা ০ ই

মন্দির
গান নং- ৬৫

রাগ- পীলু

তাল- কাহারবা

সুর-স্বর্গীয় সুধীর রঞ্জন সরকার

প্রলোভন যত হাতছানি দিয়া ডাকে,
প্রাণ-প্রভু মোরে তত বেশী জোরে,
হৃদয়ে আবরি' রাখে ॥

স্নেহের বাহুটি প্রসারিত করি'
আবেগে আমারে রাখে যে সে ধরি'
আমি যদি হই চঞ্চল কভু,
যদি পড়ি মোহ-পাকে ॥

হৃদয়-রমণ হৃদয়ে আসিয়া
উল্লাস করে নাচিয়া নাচিয়া,
উজ্জ্বল কত দিব্য বিলাস
চিতে জাগে লাখে লাখে ॥

জগতের প্রভু প্রাণনাথ মোর,
তাঁর সাথে বাঁধা মোর প্রেমডোর।
কি ভালবাসায় টানিছে সদাই।
ভয় করি আর কাকে ?

স্থায়ী

II সা সগা গা সা | গা মা পা া I জ্ঞমাপদা া পা | মজ্ঞা ঋর সন্া সা I
প্র লো০ ভ ন য ০ ত ০ হা০ ০০ ত্ ছা নি০ ০ দি০ য়া

I মা মজ্ঞা সা া | া া া া I মা মপা পা পা | পধা ধপা মা া I
ডা ০০ কে ০ ০ ০ ০ ০ প্রা ণ প্র ভু মো০ ০০ রে ০

I পা ধা ণা র্সা | ণধা পধা প া I পা পণা ণা ধা | পধা ধপা মা গা I
ত ত বে শী জো০ ০০ রে ০ হৃ দ০ য়ে আ ব০ ০০ রি ০

I সা গা গা মা | গমা পদা মপা মজ্ঞা I জ্ঞমাপদা া পা | মজ্ঞা ঋর সন্া সা I
রা ০ ০ ০ খে ০০ ০০ ০০ হা০ ০০ ত্ ছা নি০ ০ দি০ য়া

I মা মজ্ঞা সা া | া া া া II
ডা ০০ কে ০ ০ ০ ০ ০

১ম ও ২য় অন্তরা

II {মা পা পা পা | মা পা মজ্ঞা মা I পা পা না না | র্সা া র্সা া I
স্নে হে র বা হু ০ টি০ ০ প্র সা রি ত ক ০ রি ০
জ গ তে র প্র ০ ভু০ ০ প্রা ণ না থ মো ০ ০ র

I ধা ণা র্সা র্রা | র্রা া র্রা া I র্রা র্জ্ঞা র্মা র্জ্ঞা | র্রা া র্সা া }I
আ বে গে আ মা ০ রে ০ রা খে যে সে ধ ০ রি ০
তাঁ র সা থে বাঁ ০ ধা ০ মো র প্রে ম ডো ০ ০ র

I{ পা র্সা া া | ণর্সা র্রর্জ্ঞা র্সর্রা র্সণা I ণা র্রর্সা ণা ণা | ধা া পা া }I
আ মি য দি হ ০০ ০০ ই চ ০০ ঞ্চ ল ক ০ ভু ০
কি ভা ল বা সা ০০ ০০ য় টা নি০ ছে স দা ০ ০ ই

I পা পণা ণা ধা | পধা ধপা মা গা I সা গা া মা | গমা পদা মপা মজ্ঞা I
য ০০ দি প ড়ি০ ০০ মো হ পা ০ ০ ০ কে০ ০০ ০০ ০০
ভ য়০ ০ ক রি০ ০০ আ র কা ০ ০ ০ কে০ ০০ ০০ ০০

(হাতছানি দিয়া ডাকে- স্থায়ীর সুরে)

সঞ্চারী

II ণ্া সা সা সা | ণ্া সা ণ্ধা ণ্া I ণ্া ণ্সা সা সা | সা া সা া I
হৃ দ য় র ম ০ ণ০ ০ হৃ দ০ য়ে আ সি ০ য়া ০

I সা সরা রা রা | রা া রা া I রা জ্ঞা মা জ্ঞা | রা া সা া I
উ ০ল্ লা স ক ০ রে ০ না চি য়া না চি ০ য়া ০

I সা সগা গা গা | গা া গা সা I সা সা গা গা | মা া া া I
উ ০০ জ্জ্ব ল ক ০ ত ০ দি ০ ব্য বি লা ০ ০ স

I গমা পদা া পা | মজ্ঞা ঋর সন্া সা I মজ্ঞা মজ্ঞা সা া | া া া া I
চি০ ০০ ০ তে জা০ গে লা০ খে লা০ ০০ খে ০ ০ ০ ০ ০

জীবনের উন্নতি বলতে কেবল আর্থিক উন্নতি বা সামাজিক প্রতিপত্তিই বোঝায় না। চরিত্র বলে, ত্যাগ বলে, মনুষ্যত্বের মহিমায় যে উন্নতি লাভ করে নাই, তার উন্নতি অবনতিরই নামান্তর।

-শ্রীশ্রীস্বরূপানন্দ

মন্দির
গান নং- ৫৭

রাগ- পীলু

তাল- কাহারবা

সুর- পরেশ চন্দ্র কুরী

তোমারি রাগিণী গাহিয়া,
যৌবন-জরা জোয়ার-ভাটায়
চলেছি তরণী বাহিয়া ॥

প্রাচীন মন্ত্রে কণ্ঠ তরুণ
তুলিছে মন্দ্র রুদ্র-করুণ
অনাগত তালে পড়িছে বৈঠা
ভবিষ্য পানে চাহিয়া ॥

ছুটিছে নৌকা কাটি' তরঙ্গ
লভিয়া বক্ষে সাগর-সঙ্গ,
পুলকাঞ্চিত সারাটি অঙ্গ
চূর্ণিত ফেনে নাহিয়া ॥

স্থায়ী

II । পণ্ণা পণ্ণা পা | মজ্ঞা ঃর সন্‌্ সা I জ্ঞা জ্ঞা সা । | । । । । I
০ তো০ মা০ রি রা০ ০ গি ণী গা হি য়া ০ ০ ০ ০ ০

I । পা । ধা | পধা র্সণা ধা র্সণা I ধপা পা পধা পা | মগা পা মা । I
০ যৌ ০ ব ন ০ জ রা০ ০০ জো য়া ০র ভা০ ০ টা ।

I জ্ঞা জ্ঞা জ্ঞা জ্ঞা | রমা জ্ঞরা সন্‌্ সা I । মগা । মা | গমা পণা মপা নর্স II
য় চ লে ছি ত০ ০০ র০ ণী ০ বা০ ০ হি য়া০ ০০ ০০ ০০

(তোমারি রাগিনী গাহিয়া)

অন্তরা-১

[নর্সা ঃর্র র্সনা]

II{ । মা পা না | না না না । I । (নর্সা র্সা র্না) | র্সা । ণা ধা I
০ প্রা চী ন ম ন্‌ ত্রে ০ ০ কণ্‌ ঠ ত রু ০ ০ ণ্‌

I । ধা ণা ণর্রা | র্রা । র্রা । I । র্রা ঃর্জ্জ র্মা | র্রর্মা র্জ্জর্রা র্সনা র্সা }I
০ তু লি ছে০ ম ন্‌ দ্র ০ ০ রু ০দ্র ক রু০ ০০ ০০ ণ্‌

[পমা গা]

II{ । না না না | না র্সা না র্সা I । না র্সনা র্রর্সা | ণা ঃধ (পমাগমপনা)}I
০ অ না গ ত ০ তা লে ০ প ড়ি০ ছে০ বৈ ০ঠা ০ ০০০০

I । গা গা গা | গা মা গা মা I । মগা । মা | গমা পণা মপা নর্সা II
০ ভ বি ষ্য পা ০ নে ০ ০ চা০ ০ হি য়া০ ০০ ০০ ০০

অন্তরা-২

II{ । মা পা পনা | না । না । I । না র্সা র্সা | র্সনা র্রর্সা ণা ধা I
০ ছু টি ছে০ নৌ ০ কা ০ ০ কা টি ত র০ ০ং গ ০

I । ধা ণা ণর্রা | র্রা । র্রা । I । র্রা ঃর্জ্জ র্মা | র্রর্মা র্জ্জর্রা র্সনা র্সা }I
০ ল ভি য়া০ ব ০ ক্ষে ০ ০ সা ০গ র স০ ০ং গ০ ০

[পমা গা]

I{ না না না না | না র্সা না র্সা I । না র্সনা র্রর্সা | ণা ঃধ (পমাগমপন)}I
০ পু ল কা ০ ন্‌ চি ত ০ সা রা০ টি০ অ ০ং গ০ ০০০০

I । গা গা গা | গা মা গা মা I । মগা । মা | পমা পণা মপা নর্সা II
০ চূ র্ ণি ত ০ ফে নে ০ না০ ০ হি য়া০ ০০ ০০ ০০

মন্দির
গান নং- ৪৯

রাগ- ভুপালী

তাল- ত্রিতাল

সুর- সন্তোষ চন্দ্র রায়

দুরু দুরু কাঁপে মোর
হিয়া।
কি জানি আসে না আসে
মোর প্রাণপিয়া ॥

গৃহ- কোণে শুনি যেন
চরণের ধ্বনি,
অমনি হরষে নাচি'
ওঠে এ পরাণি,
চেয়ে দেখি হায় হায়
আসে না ফিরিয়া ॥

হয়ি ত' আমারি ছিল,
আজ কেন পর হ'ল,
আজ কেন মোরে ছেড়ে
গেল সে চলিয়া ?

স্মৃতির সুরভিমাখা
প্রেমের কুসুম-ডালা,
এখনো সরস আছে
হৃদয় করিয়া আলা ;
সে যদি না আসে সখি
কেমনে এ প্রাণ রাখি,
পিয়া বিনে রহিব কি
জীয়নে মরিয়া ?

স্থায়ী

II গা পা ধা র্সা | ধর্সা ধপা গরা সরা | গা । । পা | গপা গরা সধ্‌ সা I
দু রু দু রু কাঁ০ পে০ মোর হি০ য়া ০ ০ ০ ০০ ০০ ০০ ০

I । সধ্‌ -সা রা | গা গা গা গা | পা ধা র্সা ধা | পধা র্সধা পগা রসা II
০ কিজা ০নি আ সে না আ সে মো র প্রা ণ পি০ ০০ য়া০ ০০

অন্তরা

II{ । পগা ঃপা -ধা | র্সা র্সা র্সা র্সা | । র্সার্সা -র্সা -র্সা | র্সধা র্রা র্সা । I
০ গৃহ ০কো ০ণে শু নি যে ন ০ চর ০ণে ০র ধ্ব০ ০ নি ০

I । র্সধা -র্সা র্রা | র্রা র্রা র্রর্গা গর্রা | । ধর্সা -র্রা র্গা | র্রা র্গা র্রর্সা । }I
০ অম্‌ ০নি হ র ষে না০ চি০ ০ ওঠে ০এ প রা ০ ণি০ ০

I । গর্রা -র্সা -ধা | পা । পক্ষা পা | । গপা -ধা -র্সা | ধর্সা ধপা গরা সা II
০ চেয়ে ০দে ০খি হা য় হা০ য় ০ আসে ০না ০ফি রি ০০ য়া০ ০

সঞ্চারী

II{ । সধ্ -সা -রা | গা গা গা গা | । রগা গপা রা | গরা গা রা সা I
০ হরি ০ত ০আ মা রি ছি ল ০ আ০জকে ন প০ র হ ল

I । সরা -গা পা | ধা ধা ধদা ন্ধা | । পধা -র্সা ধা | র্সা । র্সা । }II
০ আ০জকে ন মো রে ছে০ ড়ে ০ গেল০সে চ লি ০ য়া ০

আভোগ

II{ । পগা -পা -ধা | র্সা র্সা র্সা র্সা | । র্সার্সা -র্সা -র্সা | র্সধা র্রা র্সা র্সা I
০ স্মৃতি ০র সু র ভি মা খা ০ প্রেমে ০র কু সু০ ম ডা লা

I । র্সধা -র্সা র্রা | র্রা র্রা র্রর্ধা র্গর্রা | । ধর্সা -র্রা র্গা | র্রা র্গা র্রা র্সা }I
০ এখ ০নো স র স আ০ ছে০ ০ হৃদ ০য় ক রি য়া আ লা

II । র্গর্গা -র্গা র্গা | র্গা র্পা র্গা র্রা | । র্গর্রা -র্সা ধা | র্সা র্সা র্সা র্সা I
০ সেয ০দি না আ সে স খি ০ কেম ০নে এ প্রা ণ রা খি

I । র্গর্রা -র্সা -ধা | পা পা পক্ষা ধপা | । গপা -ধা র্সা | ধর্সা ধপা গরা সা }I
০ পিয়া ০বি ০নে র হি ব০ কি ০ জীয় ০নে ম রি০ ০০ য়া০ ০

মন্দির
গান নং- ৮০

রাগ- মিশ্র ভৈরবী

তাল- দাদ্‌রা

সুর- শ্রীমতি ছবি সেনগুপ্তা

